

বাংলার ভেতর থেকে

সৈয়দ শামসুল হক

কথাটা হচ্ছে-ঘন অন্ধকার করে এসেছিল দিনের আলো থাকতেই
দিনের আলোয় যে পৌছে যাবে,হঠাৎ কি আমরা অন্ধ হয়ে গেলাম,
নাকি অন্ধকারটাই গিলে ফেললো ধরমুড়ো সমেত !
চলা যাচ্ছিল না পথ,দেখা যাচ্ছিল না নৌকাঘাটটা কোন দিকে,
হাল ছেড়ে যখন প্রায় বসেই পড়বো পথে মোটঘাট নামিয়ে,
কি মানুষ তাদের স্বপ্ন খসিয়ে,কি চোরই নিলো রাষ্ট্রের পকেট কেটে,
তারই মধ্যে হঠাৎ দেখি হঠাৎ এক অবাক করা কাণ্ড হতে শুরু হলো-
আকাশে আগুনের মতো নক্ষত্র লাগলো টগবগ করে !



তক্ষুনি তো আমাদেরও চোখ পড়লো ভুবনের দিকে,শ্বাপদে ভরা বন,
মানুষের বাসস্থলেই তাদের দেখা যাচ্ছিল কিছুদিন থেকে এখানে,
ওদিকে নক্ষত্র আর এদিকে পাল্লা দিয়ে লক্ষ লক্ষ মানুষ এখন মিছিলে
তাকিয়ে দেখি ইতিহাস কথা বলছে মুজিবের সঙ্গে গলা মিলিয়ে-
সময় এখনি সুসময়,সড়কে টানটান হয়ে উঠছে টানবার দড়িটি
ওহে শোনো শোনো গাড়িটি চলবে কি করে সবাই মিলে টান না দিলে?
বাংলার ভেতর থেকে যে পাখিটি উড়ে গিয়েছিলো জয়বাংলার ধ্বনিময়
জোছনাকে ঠোটে দিয়ে সে এখন ফিরে আসছে সড়কটাকে আলো করে